দৈনিক বাংলা

তারিখ 04 DEC 1991.
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# আদর্শ কলেজে হামলা: গুলি বোমায় ১৪ জন আহত

স্টাফ রিপোর্টার ঃ সেন্ট্রাল রোডে আদর্শ কলেজে ছররা গুলিবর্ষণ ও ককটেল বিস্ফোরণে মঙ্গলবার কমপক্ষে ১৪ জন ছাত্র আহত হয়েছে। বহিরাগত যুবকদের হামলায় কলেজের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানও ব্যাহত হয়।

৯ জন আহত ছাত্রকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকি ৫ জনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়।

মঙ্গলবার বিকাল আড়াইটায় আদর্শ কলেজে বার্ষিক অনুষ্ঠান শুরু হলে বহিরাগত কিছু যুবক ভেতরে ঢুকতে চায়। কিন্তু প্রহরারত পুলিশ তাদের বাধা দেয়। এ সময় ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র মির্জা আব্বাস প্রধান অতিথি হিসাবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাধা পেয়ে বাইরের যুবকেরা চলে যায়। এদিকে মেয়রও অনুষ্ঠানে বক্তব্য রেখে চলে যান।

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## আদর্শ কলেজে

(প্রথম পৃঃ পর)

এরপর হাতিরপুল থেকে ১৫/২০ জন যুবক আদর্শ কলেজের পেছনে এসে জড়ো হয়। সীমানা দেয়ালের ওপর দিয়ে এরা পরপর কয়েকটি ককটেল ছুঁড়ে মারে। ককটেল বিস্ফোরিত হলে অনুষ্ঠানে উপস্থিত ছাত্ররা আত্মরক্ষার জন্য ছুটাছুটি শুরু করে। এই সুযোগে বহিরাগত যুবকেরা দেয়াল টপকে কলেজের ভেতর ঢোকে। এরা বন্দুক দিয়ে এলোপাতাড়ি ছাররা গুলিবর্ষণ করে ও উপর্যুপরি ককটেল ফাটায়। অভিযোগ রয়েছে, হামলাকারী যুবকেরা হাতিরপুলে একটি চিহ্নিত মাস্তান দল।

হামলার সময় কিছু ছাত্র পূর্ব পাশের বাড়ীতে আশ্রয় নিলে বহিরাগতরা ওই বাড়িতেও ইট-পাটকেল ছোঁড়ে। এতে বাড়ীর জানালার কাচের ব্যাপক ক্ষতি হয়েছে। এ সময় কলেজের ছাত্ররা বহিরাগত ভেবে সিটি কলেজের একজন ছাত্রকেও মারধর করে। জানা গেছে, ছেলেটি এখানে এক শিক্ষকের বাসায় পড়তে এসেছিল। পুলিশ তাকে উদ্ধার করে।

গুলি ও ককটেল বিস্ফোরণে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে, (১) নাদিম (দ্বিতীয় বর্ষ বাণিজ্য), (২) লুৎফর (দ্বিতীয় বর্ষ কলা), (৩) হাবিবুর রহমান (দ্বিতীয় বর্ষ বাণিজ্য), (৪) জাকির (প্রথম বর্ষ কলা), (৫) শামীম (দ্বিতীয় বর্ষ বিজ্ঞান), (৬) মতিয়ুর রহমান (দ্বিতীয় বর্ষ বিজ্ঞান), (৭) রফিকুল ইসলাম (দ্বিতীয় বর্ষ বাণিজ্য), (৮) আমিনুল ইসলাম (দ্বিতীয় বর্ষ বাণিজ্য) ও (৯) এনামুল (দ্বিতীয় বর্ষ বাণিজ্য)। গতরাতে অভিভাবকরা এসে লিখিত আবেদন জানিয়ে ভর্তি হওয়া ৮ জন ছাত্রকে হাসপাতাল থেকে নিয়ে গেছেন।